আমার শহর
উত্তরবঙ্গ সংবাদ ১৫ নভেম্বর ২০১৭ তেরো

সর্বোচ্চ ২৯.৭°
সর্বনিম্ন ১৮.২°
শিলিগুড়ি

বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৪৬ শতাংশ

বুধবারের পূর্বাভাস ঃ আংশিক মেঘলা আকাশ

রসগোল্লায় মাতল শিলিগুড়ি

তমালিকা দে ● শিলিগুড়ি

১৪ নভেম্বর ঃ দীর্ঘ লড়াইয়ের অবসান। রসগোল্লা কার তা নিয়ে দুই রাজ্যের মধ্যে বেশ কিছুদিন ধরেই লড়াই চলছিল। লড়াই বলার চেয়ে বরং যুদ্ধ বলাই ভালো। সেই দীর্ঘ যুদ্ধের পর মঙ্গলবার ওড়িশাকে হারিয়ে রসগোল্লার জিয়োগ্রাফিক্যাল আইডেন্টিফিকেশন (জিআই) রেজিস্ট্রেশন আদায় করে নিল পশ্চিমবঙ্গ। রসগোল্লার উৎপত্তির সাপেক্ষে দুটি রাজ্যই যা মত দিয়েছে তা থেকে স্পষ্ট হয় যে, বঙ্গেই উৎপত্তি এই আনন্দগোল্লার। আনন্দে মাতল তামাম বাংলা। শিলিগুড়িও। মিষ্টি-দ্বন্দ্বে জিআই কর্তৃপক্ষের রায়ের পর থেকে শিলিগুড়ি শহরে মঙ্গলবার দুপুর থেকে দেখা যায় ক্রেতাদের মধ্যে দারুণ উত্তেজনা। এদিন কোথাও দেখা গিয়েছে রসগোল্লার জন্য ক্রেতাদের লম্বা লাইন, আবার কোথাও দোকানের বাইরে রসগোল্লা বিক্রির ধুম।

বিধান মার্কেটের একটি মিষ্টির দোকানের পক্ষে দেবব্রত পাল বললেন, 'জিআই কর্তৃপক্ষের রায়ের পর থেকে দোকানে রসগোল্লা কেনার ধুম পড়ে যায়। আমাদের দোকানে ৬ টাকা থেকে শুরু করে ১৫ টাকা দামের পর্যন্ত রসগোল্লা রয়েছে। এদিন রসগোল্লা নিয়ে যে রায় দেওয়া হয়েছে তাতে আমরা খুবই খুশি। দোকানে রসগোল্লার চাহিদা অন্যান্য মিষ্টির তুলনায় সবসময়ই খুব বেশি। ক্রেতারা আজ এতই খুশি যে ৯-১০ গামলা রসগোল্লা বিক্রি হয়ে গিয়েছে।' বিউটি ঘোষ নামে এক ক্রেতা বলেন,' রসগোল্লার সঙ্গে আমাদের বাঙালির আবেগ জড়িয়ে রয়েছে। কারণ রসগোল্লার উৎপত্তি একজন বাঙালির হাত ধরেই। আজ রায়ের পর থেকে রসগোল্লা যেন আরও বেশি করে খেতে ইচ্ছে করছে।' রাজেন বণিক নামে আরেকজন ক্রেতার কথায়, 'বাংলা মানেই মিষ্টি, আর মিষ্টির রাজা হল রসগোল্লা। মিষ্টি পরীক্ষার রায়ের পর থেকে আজ যেন রসগোল্লাকে আরও বেশি করে আপন করে নিতে ইচ্ছে করছে। আজ খবর শোনার পর আর ঘরে বসে না থেকে সোজা মিষ্টির দোকানে চলে এসেছি। বাড়ি ও পরিবারের সকলকে আজ আরও একবার মিষ্টিমুখ করানোর জন্য।' এদিনের যুদ্ধ জয়ের খবরে রীতিমতো উদ্‌বেল ছিলেন সুভাষপল্লির একটি মিষ্টির দোকানের কর্ণধার মলয় ঘোষ। বললেন, 'মিষ্টি মানেই রসগোল্লা। রসে ভরা এই গোল্লার চাহিদা যে কত তা আমরা প্রতিদিনই হাড়ে হাড়ে টের পাই। সব সম্প্রদায়ের লোকের কাছে এই রসগোল্লা খুবই জনপ্রিয়। তবে আজ ক্রেতাদের মধ্যে রসগোল্লা কেনার ধুম দেখে খুব ভালো লাগছিল। আজ চাহিদা বেশি থাকা সত্ত্বেও আমরা কিন্তু রসগোল্লার দাম এক টাকাও বাড়াইনি।'

ফগিং মেশিন ভাড়া নিয়ে প্রশ্ন রঞ্জনের

শিলিগুড়ি পুরনিগম

কবে থেকে এই ফগিং মেশিন ভাড়া দেওয়া হচ্ছে ও এতদিনে কত টাকা পুরনিগমের ঘরে এসেছে তা আমি জানতে চেয়েছি।
–রঞ্জন সরকার, বিরোধী দলনেতা

শিলিগুড়ি, ১৪ নভেম্বর ঃ মশা মারার কামান ভাড়া দেওয়া নিয়ে প্রশ্ন তুললেন শিলিগুড়ি পুরনিগমের বিরোধী দলনেতা রঞ্জন সরকার। পুরনিগমের কমিশনার সোনম ওয়াংদি ভুটিয়ার কাছে চিঠি দিয়ে এই সম্পর্কে বেশ কিছু তথ্য জানতে চেয়েছেন রঞ্জনবাবু। তাঁর বক্তব্য, কবে থেকে ওই মেশিন ভাড়া দেওয়া হচ্ছে ও এর বিনিময়ে পুরনিগম এখনও পর্যন্ত কত টাকা আয় করেছে তার সবার জানা দরকার।

উল্লেখ্য, শিলিগুড়ি শহরজুড়ে এখন ডেঙ্গুর আতঙ্ক। অল্প জ্বর হলেই চিকিৎসকদের কাছে যাওয়ার আগে রোগী ছুটছেন রক্ত পরীক্ষা করাতে। এর মধ্যে অনেকের শরীরে ডেঙ্গুর জীবাণু ধরা পড়েছে। ডেঙ্গুর উপসর্গ নিয়ে হাসপাতাল কিংবা নার্সিংহোমে ভরতি হওয়ার পর মৃত্যু হয়েছে বেশ কয়েকজনের। এখনও ডেঙ্গু ও অজানা জ্বরে আক্রান্ত হয়ে এত রোগী শিলিগুড়ি জেলা হাসপাতাল ও উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন যে, সেখানে তিলধারণের জায়গা নেই। বেসরকারি নার্সিংহোমগুলিরও একই অবস্থা। জায়গার অভাবে রোগী ফিরিয়েও দিচ্ছে অনেক নার্সিংহোম। যদিও স্বাস্থ্য দপ্তরের রিপোর্ট, ডেঙ্গু ও অজানা রোগে আক্রান্তের সংখ্যা অনেকটাই কমেছে। কিন্তু তা সত্ত্বেও মানুষের আতঙ্ক কিছুতেই কমছে না। সেই কারণে শিলিগুড়ি পুরনিগমে থাকা উচ্চক্ষমতাসম্পন্ন ফগিং মেশিন ভাড়া নিয়ে নিজেদের আবাসন মশার লার্ভাবিহীন করতে উদ্যোগী হয়েছেন অনেকে। এরজন্য প্রয়োজনীয় সামগ্রীবাবদ খরচের অর্থ পুরনিগমে জমা দেওয়ার পর এই পরিসেবা দেওয়া হচ্ছে। কিন্তু পুরনিগমের এই পরিসেবার কথা অজানা বিরোধী দলনেতা রঞ্জন সরকারের। বিষয়টি নিয়ে তিনি পুর কমিশনারের কাছে চিঠি দিয়ে বেশ কিছু তথ্য জানতে চেয়েছেন। তাঁর বক্তব্য, 'এই সিদ্ধান্ত পুরনিগমের কোনো মেয়র পারিষদদের সভায় পাস হয়েছে সেটা জানা দরকার। তাছাড়া এই ধরনের সিদ্ধান্ত বোর্ড মিটিংয়ে পাস করাতে হয়। সেটা হয়েছে কিনা আমি জানতে চেয়েছি। বাইরে মেশিন ভাড়া দেওয়ার জন্য যদি কোনো রেট ঠিক হয়ে থাকে, তবে সেটা কে ঠিক করল সেটাও জানানো প্রয়োজন।' তিনি বলেন, 'কবে থেকে এই ফগিং মেশিন ভাড়া দেওয়া হচ্ছে ও এতদিনে কত টাকা পুরনিগমের ঘরে এসেছে তাও আমি জানতে চেয়েছি। আশা করব পুরনিগম বিষয়টি আমাদের জানাবে।'

এদিকে, পুরনিগম সূত্রে খবর, পুরনিগমের কমিশনার সোনম ওয়াংদি ভুটিয়া পুরো বিষয়টি জানতে চেয়ে পুরনিগমের জঞ্জাল অপসারণ বিভাগের কাছে ওই চিঠি পাঠিয়ে দিয়েছেন।

GST WINTER OFFER
LADIES • GENTS • KIDS
MONTE CARLO 10% Off*
MOULIN ROCK 10% Off*
TERI - TEX 10% Off*
SWEATERS • JACKETS
SHAWLS • STOLES • LADIES COATS
BLAZERS • SUITS • MODI COATS
*ON MRP *ON Fresh Winter Stocks
*NO CONDITIONS APPLY (Sundays Open)
Pooja HINDUSTAN®
Seth Srilal Market, Siliguri
Helpline No:76991-99999

শিলিগুড়ি পুলিশ কমিশনারেটে শিশু দিবস উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠান। ছবি ঃ সৌরভ জোয়ারদার

শিশু দিবস পালন

শিলিগুড়ি, ১৪ নভেম্বর ঃ পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে মঙ্গলবার দীনবন্ধু মঞ্চে শিশু দিবস পালন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমাশাসক সিরাজ দানেশ্বর, দার্জিলিং জেলা তথ্য ও সাংস্কৃতিক বিভাগের আধিকারিক জগদীশচন্দ্র রায়। শিশু দিবস উপলক্ষ্যে এদিন 'স্বদেশ ও স্বজন' বিষয়ের উপর তিনটি প্রতিযোগিতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিভিন্ন স্কুল থেকে প্রায় ৯০ জন ছাত্রছাত্রী এদিনের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অন্যদিকে, এদিন পুরনিগমের ৩২ নম্বর ওয়ার্ড কমিটির পক্ষ থেকে শিশু দিবস উপলক্ষ্যে ওয়ার্ডের বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে একটি র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিতে উপস্থিত ছিলেন মেয়র অশোক ভট্টাচার্য, মেয়র পারিষদ শংকর ঘোষ ও কাউন্সিলার তাপস চ্যাটার্জি সহ ছাত্রছাত্রীদের অভিভাবকরা।

নজরে শহর

অস্বাভাবিক মৃত্যু

শিলিগুড়ি, ১৪ নভেম্বর ঃ দুটি অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়াল শিলিগুড়িতে। প্রথমটি ঘটেছে শিলিগুড়ির ভানুনগর এলাকায়। মঙ্গলবার সকালে এলাকায় একটি বাড়ি থেকে এক বৃদ্ধের ঝুলন্ত দেহ উদ্ধার করাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। মৃতের নাম সূর্যমোহন রায় (৬০)। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

অপর ঘটনাটি ঘটেছে শিলিগুড়ি ভক্তিনগর থানার মনস্কামনা মিল এলাকায়। মঙ্গলবার সন্ধ্যায় এলাকার একটি বাড়ি থেকে এক গৃহবধূর ঝুলন্ত দেহ উদ্ধার করেছে পুলিশ। স্থানীয় সূত্রে খবর, এদিন সন্ধ্যায় ঘরের দরজা ভেঙে মহিলার ঝুলন্ত দেহ দেখতে পাওয়া যায়। এরপরেই খবর যায় পুলিশে। ভক্তিনগর থানার পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

বিদ্যুৎ বিভ্রাট

ইসলামপুর,১৪ নভেম্বর ঃ বিদ্যুৎ বিভ্রাটের জেরে মঙ্গলবার সন্ধ্যায় প্রায় আধ ঘন্টা বিদ্যুৎহীন থাকল ইসলামপুর মহকুমা হাসপাতাল। উল্লেখযোগ্য বিষয় হল, হাসপাতালে জেনারেটর থাকলেও এদিন জেনারেটর চলেনি। ফলে হাসপাতাল অন্ধকার থাকায় রোগী ও পরিজন সহ পরিসেবা দিতে গিয়েও চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীদের ভোগান্তির মুখে পড়তে হয়। ইসলামপুর হাসপাতালের সুপার ডাঃ নারায়ণ মিদ্যা বলেন, জেনারেটরে যান্ত্রিক গোলযোগের কারণে সাময়িক সমস্যা হয়েছিল।

জখম বৃদ্ধা

শিলিগুড়ি, ১৪ নভেম্বর ঃ বাড়ির ছাদ থেকে পড়ে গিয়ে গুরুতর জখম হলেন এক বৃদ্ধা। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটেছে শিলিগুড়ির অরবিন্দপল্লি এলাকায়। পুলিশ সূত্রে খবর, বৃদ্ধার নাম মেনকা মজুমদার। মঙ্গলবার সকালে তিনি তাঁর নিজের বাড়ির ছাদ থেকে পড়ে যান। পরিবার সূত্রে খবর, মানসিক ভারসাম্যহীন ছিলেন তিনি। এদিন সকালে হঠাৎই বাড়ির ছাদ থেকে পড়ে যান তিনি। তড়িঘড়ি তাঁকে উদ্ধার করে শিলিগুড়ি জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তাঁর অবস্থা আশঙ্কাজনক বলে জানা গিয়েছে।

দুষ্কৃতী ধরতে ভূমিকা, সংবর্ধিত সোনার দোকানের ম্যানেজার ও কর্মী

শিলিগুড়ি, ১৪ নভেম্বর ঃ ৮ সেপ্টেম্বরের সন্ধ্যা। আর পাঁচটা দিনের মতোই স্বাভাবিক ছিল জনজীবন। সামনেই পুজো থাকায় পুজোর কেনাকাটা করতে বেরিয়েছিলেন শহরের মানুষ। এমন সময় শহরের ব্যস্ততম হিলকার্ট রোডে একের পর এক গুলির আওয়াজ। সোনার দোকানে ডাকাতি করে পালাচ্ছিল তিন দুষ্কৃতী। যদিও শেষ পর্যন্ত তাদের হাতেনাতে ধরে ফেলা হয়। গণধোলাই দিয়ে পুলিশের হাতে তুলেও দেওয়া হয়। সেদিনের কথা মনে পড়লে এখনও শিউড়ে ওঠেন শহরবাসী। কিন্তু ওইদিন দুই দুষ্কৃতীকে ধরতে যে দুজন প্রধান ভূমিকা নিয়েছিলেন তাঁদের মঙ্গলবার সংবর্ধিত করল শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশ। ওই সোনার দোকানের ম্যানেজার অনির্বাণ দাস ও কর্মী নীলঞ্জনা দাসকে এদিন পুরস্কৃত করা হয়।

এদিকে, মঙ্গলবারই শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের ডগ স্কোয়াডের জন্য নতুন গাড়ির উদ্‌বোধন হল। শিলিগুড়ির মাল্লাগুড়ি পুলিশ লাইনে এক সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। সেই অনুষ্ঠানের মঞ্চ থেকেই ডগ স্কোয়াডের গাড়ির উদ্‌বোধন করেন শিলিগুড়ির পুলিশ কমিশনার নীরজকুমার সিং। শিলিগুড়িতে বর্তমানে পুলিশের চারটি কুকুর রয়েছে। এদের মধ্যে অন্যতম হল অ্যাবি। ল্যাব্রাডর প্রজাতির এই কুকুরটি উত্তরবঙ্গের একমাত্র নারকোটিক এক্সপার্ট। বাকি রয়েছে এক্সপ্লোসিভ এক্সপার্ট ও ট্র্যাকার ডগ। কোথাও কোনো বড়ো ঘটনা ঘটলেই পুলিশ সূত্র খুঁজতে এদের ব্যবহার করে। কিন্তু তাদের জন্য এতদিন কোনো গাড়ি ছিল না। এবারে তাদের জন্যও এসি গাড়ির ব্যবস্থা করা হল। পুলিশ কমিশনার নীরজকুমার সিং বলেন, 'যাঁরা ৮ সেপ্টেম্বর রাতে শিলিগুড়িকে সাহস জুগিয়েছিলেন তাঁদের সংবর্ধিত করতে পেরে আমরা খুশি। আর আমাদের ডগ স্কোয়াডের জন্য কোনো গাড়ির ব্যবস্থা ছিল না। তাই একটি গাড়িরও ব্যবস্থা করা হল।'

মিড–ডে মিল কর্মীদের দাবি

শিলিগুড়ি, ১৪ নভেম্বর ঃ শিলিগুড়ি পুর এলাকায় কর্মরত মিড–ডে মিলের কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করা, কর্মী নিয়োগের প্রক্রিয়া স্বচ্ছ ও নিয়মিত করা সহ ৫ দফা দাবিতে সরব হল সিটু অনুমোদিত পশ্চিমবঙ্গ মিড–ডে মিল কর্মী ইউনিয়নের দার্জিলিং জেলা শাখা। মঙ্গলবার এই দাবি নিয়ে শিলিগুড়ির মেয়র অশোক ভট্টাচার্যের কাছে স্মারকলিপি দেন সংগঠনের সদস্যারা। অভিযোগ, ন্যূনতম বেতনের বিনিময়ে তাঁদের হাড়ভাঙা পরিশ্রম করতে হয়। কিন্তু তা সত্ত্বেও একটু সমস্যা হলেই তাঁদের ছাঁটাই করার হুমকি দেওয়া হয়। এদিন সংগঠনের কর্মীরা দাবি তোলেন, সমস্ত কর্মরত কর্মীর নাম নথিভুক্ত করার জন্য উদ্যোগ নিতে হবে পুরনিগমকেই। তাছাড়া মিড–ডে মিল কর্মীদের নিরাপত্তা, রান্নার সরঞ্জাম, কাজের জায়গার উন্নতিকরণের বিষয়ে পুরনিগম ব্যবস্থা নিক। সমস্ত মিড–ডে মিল কর্মীদের স্বাস্থ্যবিমা চালুরও দাবি তোলা হয় এদিন।

মেয়র অশোক ভট্টাচার্য এই প্রসঙ্গে বলেন, মিড–ডে মিলের কর্মীরা এদিন আমার কাছে এসে বেশ কিছু দাবির বিষয় তুলে ধরেন। তাঁদের দাবি যুক্তিসঙ্গত। কিছু জায়গায় মিড–ডে মিলের কর্মীরা প্রতি মুহূর্তে নানা ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছেন বলে তাঁরা জানিয়েছেন। অনেক জায়গায় তাঁদের অতিরিক্ত সময় কাজও করতে হচ্ছে। তাঁরা তাঁদের নাম নথিভুক্তকরণের কথা বলেছেন এটা আমরা অবশ্যই করব।'

শিশু দিবসে ইচ্ছে পূরণ হল ইন্দ্রাণী, সোমাদের

শিলিগুড়ি, ১৪ নভেম্বর ঃ কারও ইচ্ছে ছিল বেঙ্গল সাফারিতে গিয়ে হাতির পিঠে চড়ে সাফারি করার। কেউ বাঘ দেখতে চেয়েছিল, আবার কেউ নিজে শিক্ষিকা হয়ে ক্লাসরুমে বসে নিজের বন্ধুদেরই পড়াতে চেয়েছিল। শিশু দিবসে তাদের সকলেরই ইচ্ছে পূরণ হল। নিজের স্কুলে নিজের ক্লাস রুমে দাঁড়িয়ে নিজের বন্ধুদের পড়াল ইন্দ্রাণী, স্মৃতিরা (নাম পরিবর্তিত)। অন্যদিকে সাফারিতে বাঘ, হরিণ দেখে আনন্দিত হল রূপা, সোমারা (নাম পরিবর্তিত)।

শিশু দিবসে শিশুদের সম্মান জানাতে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা, বিভিন্ন স্কুলের পক্ষ থেকেও নানারকমের প্রয়াস চালানো হয়। তাদের মধ্যে অন্যতম নেতাজি জিএসএফপি বিদ্যালয়। স্কুলের ছাত্রীরা এদিন ছিল শিক্ষিকার ভূমিকায়। শিক্ষিকাকে বসিয়ে রেখে ক্লাস পরিচালনা করল তারা। মনোযোগ দিয়ে ছোটো ম্যাডামের কথা শুনল ক্লাসের অন্য ছাত্রীরা। মঙ্গলবার সকাল থেকেই শিলিগুড়ির নেতাজি জিএসএফপি স্কুলের ছাত্রীদের মধ্যে ছিল চরম উন্মাদনা। প্রথম ক্লাসের বেল বাজতেই শুরু হল পড়ানো। স্কুলের ছাত্রীরাই পড়াল ছাত্রীদের। ক্লাস ঘরের পেছনের বেঞ্চে বসে গোটা বিষয়টি উপলব্ধি করেন শিক্ষিকারা। আর এই আয়োজন করতে পেরে খুশি স্কুলের প্রধান শিক্ষকও। বিষয়টি নিয়ে স্কুলের প্রধান শিক্ষক রঞ্জন শীলশর্মা বলেন,'শিশুদের সবসময় সম্মান দেওয়া উচিত। তাই এই বিশেষ দিনটির কথা মাথায় রেখে আমরা চেয়েছিলাম যে ছাত্রীরাই আজ ক্লাস নেবে। সেইমতো ওরাই ক্লাস নিয়েছে এবং ওরা সফল। এই ছাত্রীদের জন্য গর্ব বোধ করি।' অন্যদিকে, সিনির পক্ষ থেকেও শেলটার হোমের আবাসিকদের বেঙ্গল সাফারি ঘোরাতে নিয়ে যাওয়া হয়। মঙ্গলবার সকালেই ১৭ জন আবাসিককে নিয়ে সিনির একটি দল যায় বেঙ্গল সাফারিতে। প্রথমে তাদের নিয়ে যাওয়া হয় সাফারিতে। সেখানে বাঘ, হরিণ দেখে খুশি সকলেই। এরপর দিনভর সাফারিতে কাটায় ওই আবাসিকরা। দুপুরে তাদের জন্য খাবার ব্যবস্থাও ছিল। সিনির পক্ষ থেকে শেলটার হোমের কোঅর্ডিনেটর দেবযানী ভৌমিক বলেন,'আমাদের শেলটার হোমে ১৭ জন আবাসিক রয়েছে। আমরা প্রতিবছরই এই দিনটিতে তাদের মুখে হাঁসি ফোটতে বিভিন্ন প্রয়াস করে থাকি। এবছরেও তার অন্যথা হয়নি। আশা করছি পরের বছর তাদের আরও বেশি আনন্দ দিতে পারব।'

ছাত্রী যখন শিক্ষিকা।। শিলিগুড়ি নেতাজি জিএসএফপি স্কুলে রাহুল মজুমদারের তোলা ছবি।

প্রধান শিক্ষকদের প্রশিক্ষণ শিবির

শিলিগুড়ি, ১৪ নভেম্বর ঃ বর্তমান সময়ে স্কুল পরিচালনার ক্ষেত্রে ম্যানেজমেন্ট শিক্ষাটা বড়ো হয়ে দাঁড়িয়েছে। কিন্তু ম্যানেজমেন্ট সংক্রান্ত পড়াশোনা বলতে গেলে কোনো প্রধান শিক্ষকেরই নেই। ফলে তাঁদের নানা সমস্যায় পড়তে হয়। এই সমস্যার সমাধানে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়নমন্ত্রকের নির্দেশে রাজ্যের বিভিন্ন অংশের পাশাপাশি শিলিগুড়িতেও মঙ্গলবার থেকে শুরু হয়েছে প্রধান শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ। রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযানের উদ্যোগে শিলিগুড়ির কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম হলঘরে প্রশিক্ষণটি চলবে টানা চারদিন ধরে। জানা গিয়েছে, প্রশিক্ষণ শেষে প্রধান শিক্ষকরা টানা আটদিন নিজেদের স্কুলে তা প্রয়োগ করবেন। তাঁদের বানাতে হবে প্রোজেক্ট রিপোর্টও। পরবর্তীতে তাঁদের আরও চারদিন প্রশিক্ষণ দেওয়া হবে। শিলিগুড়ি শিক্ষা জেলাতে উচ্চ মাধ্যমিকস্তরের স্কুল রয়েছে ৬৮টি। প্রশিক্ষণ শিবিরে অবশ্য ডাকা হয়নি টিচার্স-ইন-চার্জদের। মুরলিগছ হাইস্কুলের প্রধান শিক্ষক শামসুর আলমের বক্তব্য, এই প্রশিক্ষণের মধ্যে দিয়ে তাঁরা ম্যানেজমেন্ট সংক্রান্ত অনেক শিক্ষা লাভ করবেন।

প্রভাতফেরি

শিলিগুড়ি, ১৪ নভেম্বর ঃ শিলিগুড়ি গ্রেটার লায়নস আই হসপিটাল–এর উদ্যোগে 'ওয়ার্ল্ড ডায়াবেটিস ডে' উপলক্ষ্যে মঙ্গলবার একটি সচেতনতামূলক প্রভাতফেরির আয়োজন করা হয়। প্রভাতফেরিতে সশস্ত্র সীমা বল–এর ইনস্পেকটর জেনারেল এ কে নাথ উপস্থিত ছিলেন। প্রভাতফেরিটি পানিট্যাঙ্কি মোড় থেকে শুরু হয়ে গ্রেটার লায়নস ক্লাবে এসে শেষ হয়। এদিন শিলিগুড়ি গ্রেটার লায়নস আই হাসপাতালে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে সংগঠনের পক্ষে পি কে শা বলেন, 'আমরা চারদিন ধরে শিলিগুড়ির বিভিন্ন জায়গায় ডায়াবেটিস শিবিরের আয়োজন করেছি। দু–হাজারের বেশি মানুষ শিবিরগুলিতে অংশগ্রহণ করেছেন। কানাডার একটি কোম্পানির সহযোগিতায় শিলিগুড়ি শহরে একটি কমিউনিটি বেসড ডায়াবেটিক রেটিনোপ্যাথি প্রোগ্রামের আয়োজন করা হয়েছে।' এদিনের প্রভাতফেরিতে সংগঠনের সদস্য সহ বিভিন্ন কলেজ, চাইল্ড লাইনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

আর্ট অফ লিভিং এর ৩ দিনের কোর্স করে সুদর্শন ক্রিয়া শিখুন এবং সুস্থ ও টেনশন মুক্ত থাকুন।
17 থেকে 19 - নভেম্বর বিকেল 5.30 থেকে 8.30
M- 98320 68634, 94757 60003 কলেজপাড়া, শিলিগুড়ি।

কড়া নাড়ছে শীত, সবজির দাম কমার লক্ষণ নেই

সানি সরকার ● শিলিগুড়ি

১৪ নভেম্বর ঃ শীতের অপেক্ষায় থাকে ভোজন রসিক বাঙালি। শীত জাঁকিয়ে পড়লেই শুরু হয় বাংলার চড়ুইভাতি উৎসব। অবশ্য তার অনেক আগে থেকেই পাতে পড়তে শুরু করে সবজির বিভিন্ন পদ। কিন্তু এবছর তার জো নেই। দরজায় শীত কড়া নাড়লেও সবজির দাম কার্যত নাগালের বাইরে। যা নিয়ে ক্রমশই ক্ষোভ বাড়ছে আমজনতার। কিন্তু ব্যবসায়ীরা যথারীতি চাহিদার তুলনায় জোগান কমের অজুহাত তুলে ধরছেন।

প্রতি বছরই দুর্গাপুজোর সময় সবজির দাম থাকে হাতের নাগালের মধ্যেই। সেই সময় নতুন সবজি বাজারে ওঠায় দাম নিয়ে তেমন একটা মাথা ঘামান না কেউই। প্রত্যেকের বিশ্বাস, সময়ের সঙ্গে সঙ্গে নতুন সবজির জোগান বাড়বে এবং দাম পড়তির দিকে যাবে। কিন্তু এ বছর সেই বিশ্বাসে টাল খেয়েছে। কেননা, নভেম্বর মাসের অর্ধেক পেরিয়ে গেলেও কোনো সবজিরই দাম কমছে না। বিধান মার্কেট থেকে ফুলেশ্বরী, শহর শিলিগুড়ির প্রতিটি বাজারের দর প্রায় এক। লোকাল ফুলকপি এখনও বিকোচ্ছে ৫০ টাকা কেজি দরে। চালানি ৪০ টাকায়। এছাড়া বাঁধাকপি–৪০ টাকা, পেঁয়াজকলি–১৪০ টাকা, মুলো–৪০ টাকা, সিম–৮০ টাকা, মটরশুঁটি–১৫০ টাকা, গাজর–৬০ থেকে ৮০ টাকা, পালং শাক–৬০ থেকে ৮০ টাকা, ভুটানের নতুন আলু–৩০ থেকে ৩৫ টাকা, বেগুন–৮০ টকা, ওলকপি–৬০ টাকা কেজি দরে বিকোচ্ছে। এমনকি ধনেপাতা পর্যন্ত বিক্রি হচ্ছে ৩০০ টাকা কেজি দরে। বাকি সবজির দামও ঊর্ধ্বমুখী।

কেন এমন মূল্য বৃদ্ধি? সবজি বিক্রেতারা বলছেন, 'এবার জোগান কোথায়? কিছুই তো পাওয়া যাচ্ছে না।' প্রত্যেকেই এর জন্য প্রবল বৃষ্টি অথবা বন্যার কথা বলছেন। এমন অনেক বিক্রতা আছেন, যাঁরা নোটবন্দি–জিএসটি পর্যন্ত টেনে আনছেন। কিন্তু পাইকারি বাজারে দরদাম করলেই দেখা যায়, এখান থেকে খোলা বাজারের দামের আকাশ–পাতাল পার্থক্য রয়েছে। কারও পক্ষেই পাইকারি বাজারে যাওয়া সম্ভব নয়। ফলে গাঁটের অতিরিক্ত কড়ি খরচ করেই সকলকে খোলাবাজার থেকে কেনাকাটা করতে হচ্ছে। অনেকেরই বক্তব্য, দাম নাগালের বাইরে থাকায় প্রয়োজনের তুলনায় যতটা কম কেনা যায়, সেই পথেই হাঁটছেন তাঁরা। সিংহভাগ ক্রেতারই অভিযোগ, এই শহরে প্রশাসনিক নজরদারি না থাকাতেই সবজির দামের এমন বাড়বাড়ন্ত।

পতঞ্জলী
বাবা রামদেব দ্বারা পুরস্কৃত ও বৃহৎ পতঞ্জলী শোরুম। এখানে পতঞ্জলীর সমস্ত দ্রব্য সামগ্রী পাওয়া যায়। পতঞ্জলী হরিদ্বার থেকে প্রশিক্ষন প্রাপ্ত অভিজ্ঞ ডক্টর দ্বারা নিশুল্ক পরিসেবা।
PATANJALI CHIKITSALAYA
Sevoke Road, 2nd Mile, Near Uttar Banga Marwari Bhawan, Siliguri
M : 0353-2545777, 98325-43333